গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.০০০.১৪১.০৫.০০০১.২৬- ১০২০

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১৪ জুন ২০২৬

বিষয়: শিক্ষার্থীদের সময়মত ক্লাসে উপস্থিতি ও বিদ্যালয়ে ধরে রাখতে ছবি আঁকা, মাটির কাজ, উপকরণ সাজানোর মাধ্যমে খেলার ছলে শেখা কার্যক্রম গ্রহণ।

সূত্র: নির্বাচনী ইশতেহারে প্রতিশ্রুতি বাস্তবায়নে ১৮০ দিনের গৃহীত কর্মপরিকল্পনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নির্বাচনী ইশতেহারে প্রতিশ্রুতি বাস্তবায়নে ১৮০ দিনের গৃহীত কর্মপরিকল্পনায় লার্নিং উইথ হ্যাপিনেস (আনন্দময় শিক্ষা) এর ক্ষেত্রে শিক্ষার্থীদের সময়মত ক্লাসে উপস্থিতি ও বিদ্যালয়ে ধরে রাখতে ছবি আঁকা, মাটির কাজ, উপকরণ সাজানোর মাধ্যমে খেলার ছলে শিখন শেখানো কার্যক্রম গ্রহণের বিষয়টি উল্লিখিত আছে (কপি সংযুক্ত)।

০২। বর্তমানে এনসিটিবি কর্তৃক প্রণীত ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত চারু ও কারুকলা বিষয়ে শিক্ষক সহায়িকা রয়েছে। শিক্ষক সহায়িকার আলোকে শ্রেণি অনুযায়ী শিক্ষার্থীদের বিভিন্ন ছবি অংকন করতে বলা ও মাটি দিয়ে বিভিন্ন ধরণের উপকরণ তৈরি করানো এবং তাদের তৈরি উপকরণ ও অংকিত ছবি শ্রেণিকক্ষে সাজিয়ে রেখে শিক্ষার্থীদের উৎসাহিত ও আত্মবিশ্বাসী করে তুলতে হবে।

০৩। শ্রেণিকক্ষে আনন্দময় পরিবেশে শিক্ষক কার্যক্রমটি পরিচালনা করবেন, যাতে শিক্ষার্থীরা বিদ্যালয়কে প্রিয় প্রাঙ্গণ মনে করে এবং বিদ্যালয় উপস্থিতকালীন সময় নিরাপদ ও স্বাচ্ছন্দ্যবোধ করে।

০৪। এমতাবস্থায়, শিক্ষার্থীদের বিদ্যালয়ে সময়মত ক্লাসে উপস্থিতি ও ঝরে পড়া রোধকল্পে বর্ণিত কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনানুগ।

খাদিজা পারভীন
উপপরিচালক (চলতি দায়িত্ব)
পলিসি এন্ড অপারেশন বিভাগ

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।

অনুলিপি:

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল বিভাগ)।
২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
৩। শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সহকারী শিক্ষা অফিসার, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর ( অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। প্রধান শিক্ষক, ................................... বিদ্যালয়, ................ উপজেলা, ............................... জেলা।
৬। সংরক্ষণ নথি।